

1 (Sem-3) BEN

2024

BENGALI

Paper : BEN0300104

(বিশ শতকের বাংলা সাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : 2½ hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো : ১×৮=৮
- (ক) বুদ্ধদেব বসু জীবনে প্রথম ‘ছন্দের আনন্দ’-এর কথা জানতে পেরেছিলেন কোন্ বই পড়ে ?
- (খ) বুদ্ধদেব বসু কাকে ‘রামায়ণের বাংলা রূপকার’ বলে উল্লেখ করেছেন ?
- (গ) ‘বনলতা সেন’ কবিতায় চিল কীসের গন্ধ ডানা থেকে মুছে ফেলেছিল বলে উল্লিখিত হয়েছে ?
- (ঘ) জীবনানন্দ দাশের ‘শ্রেষ্ঠ কবিতা’ গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল ?
- (ঙ) ইন্দ্রনাথের ‘ভবঘুরে’ বন্ধুটির নাম কী ছিল ?

- (চ) কত বছর বয়সে ইন্দ্ৰনাথের সঙ্গে শ্রীকান্তের সাক্ষাৎ হয়েছিল ?
- (ছ) 'দি গ্রেট বেঙ্গল অপেরা'র মালিক বা স্বত্বাধিকারী কে ছিলেন ?
- (জ) নাট্যশালার কঠোর করার জন্য ব্রিটিশ সরকার কত সালে অর্ডিন্যান্স জারি করেছিল ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো (যে কোনো ছয়টি) :

২×৬=১২

- (ক) অবনীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি গ্রন্থের নাম লেখো।
- (খ) বুদ্ধদেব বসু কাকে 'সুকুমার রায়ের উত্তরসাধক' বলেছেন? তাঁর রচিত একটি বইয়ের নাম উল্লেখ করো।
- (গ) "আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিলো।" এখানে কবিকে কে শান্তি দিয়েছিল? তাঁর বাড়ি কোথায় ছিল?
- (ঘ) জীবনানন্দের কবিতায় উল্লিখিত ভারতের যে কোনো দুটি প্রাচীন নগরীর নাম লেখো।
- (ঙ) অন্নদাদিদির স্বামীর নাম কী? তিনি কী কাজ করতেন?
- (চ) বহুরূপী সেজেছিলেন কে? তাঁর বাড়ি কোথায়?
- (ছ) শ্রীকান্তের দুজন পিসতুতো ভাইয়ের নাম লেখো।
- (জ) কোন্ পত্রিকা, কাকে 'বাংলার গ্যারিক' বলে উল্লেখ করেছিল?

- (ঝ) অমৃতলাল বসুকে কী নামে ডাকা হতো? তোমাদের পঠিত নাটকে তাঁর কোন্ নাটকের উল্লেখ পাওয়া যায়?
- (ঞ) বেঙ্গল অপেরায় নাটক শেখাতে আসা লোকটির নাম কী? তাঁর রচিত নাটকটির নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো (যে কোনো চারটি) : ৫×৪=২০

- (ক) "বিশ্ববাসী বাস্তবিকির পাশে কৃত্তিবাস বাঙালি মাত্র।" বুদ্ধদেব বসুর 'রামায়ণ' প্রবন্ধ অনুসরণে কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) অবনীন্দ্রনাথের শিশুসাহিত্যের বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (গ) 'গোধূলি সন্ধির নৃত্য' কবিতা অবলম্বনে হরীতকী বনে কী ঘটেছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও।
- (ঘ) 'রাত্রি' কবিতা অবলম্বনে মহানগরীর রাতের বিবরণ দাও।
- (ঙ) মেজদার তত্ত্বাবধানে শ্রীকান্ত ও অন্যান্যদের পড়াশুনার যে ছবি উপন্যাসে বিবৃত হয়েছে তা বিশদ করো।
- (চ) ইন্দ্ৰনাথের সঙ্গে শ্রীকান্তের মাছ ধরতে যাওয়ার কাহিনি সংক্ষেপে বর্ণনা করো।
- (ছ) শ্যামবাজারের চক্কোস্তম্ভবৃক্ষের বাড়িতে অনুষ্ঠিত 'বিদ্যাসুন্দর পালা'-সম্পর্কিত ঘটনাবলীর বিবরণ দাও।
- (জ) টীকা লেখো : নিমচাঁদ অথবা মানদাসুন্দরী

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো (যে কোনো দুটি) : $১০ \times ২ = ২০$

- (ক) বুদ্ধদেব বসুর অনুসরণে বাংলা শিশুসাহিত্যের পরিচয় দাও।
- (খ) জীবনানন্দের 'শিকার' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করো।
- (গ) জীবনানন্দের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থের অন্তর্গত 'বোধ' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।
- (ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের অন্নদাদিদি চরিত্রটি অঙ্কন করো।
- (ঙ) 'টিনের তলোয়ার' নাটকের ময়না চরিত্রটির গুরুত্ব বিচার করো।

★ ★ ★